

**দৈনিক  
ইত্তেফাক**

নেত্রকোণা মেডিক্যাল কলেজ

# নেই নিজস্ব অবকাঠামো শিক্ষা কার্যক্রম ব্যাহত!

প্রকাশ : ২৪ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 শ্যামলেন্দু পাল, নেত্রকোণা প্রতিনিধি



**নেত্রকোণা :** সদর হাসপাতালের কোয়ার্টার। এখানে চলছে নেত্রকোণা মেডিক্যাল কলেজের ক্লাস -ইত্তেফাক

কলেজের শিক্ষার্থীদের হাতে-কলমে শিক্ষার সুবিধার জন্য নেত্রকোণা সদর হাসপাতালের জন্য ২৫০ বেডের হাসপাতালের অবকাঠামো নির্মাণ কাজ শুরু হলেও তা শেষ হতে এখনো কয়েক মাস লেগে যাবে বলে কর্তৃপক্ষ জানায়।

নেত্রকোণা মেডিক্যাল কলেজে প্রথম বর্ষের ক্লাশ চলতি বছর জানুয়ারি থেকে ৫০ জন ছাত্রছাত্রী নিয়ে নেত্রকোণা আধুনিক সদর হাসপাতালের পরিত্যক্ত ডট্টরস কোয়ার্টারে শুরু হয়। এ বছর আরো ৫০ জন শিক্ষার্থীকে ভর্তি করা হয়। বর্তমানে ১০০ জন শিক্ষার্থী নিয়ে চলছে মেডিক্যাল কলেজ।

জানা গেছে, ২০২০ সালের মে মাসে যখন শিক্ষার্থীদের প্রথম প্রফেশনাল পরীক্ষা শেষ হবে এবং তাদের পাশের পর তখন এই শিক্ষার্থীদের দ্বিতীয় বর্ষে লেখাপড়ার দারুণ ব্যাঘাত ঘটবে বলে আশঙ্কা প্রকাশ করা হয়েছে। কলেজের অধ্যক্ষ সাদিকুল আজম বলেন, নেত্রকোণা আধুনিক সদর হাসপাতালকে ২৫০ বেডের হাসপাতালে রূপান্তরের কাজ শুরু হওয়ায় তারা আশাবিত্ত। কিন্তু আগামী ছয় মাসের মধ্যে অবকাঠামো নির্মাণের কাজ শেষ না হলে তখন সমস্য দেখা দিবে। অবশ্য এই ব্যাপারে নেত্রকোণার

নেত্রকোণা মেডিক্যাল কলেজ চালুর এক বছর হতে চললো। কিন্তু এখন পর্যন্ত কলেজের নিজস্ব কোনো অবকাঠামো না থাকায় আগামী বছরেই শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রমে যেমন সমস্যা হবে তেমনি শিক্ষার্থীদের আবাসন সমস্যাও দেখা দিবে বলে সংশ্লিষ্টরা জানান।

কলেজের অধ্যক্ষ ড. সাদিকুল আজম বলেছেন, সমস্যা সমাধানে তাদের আপ্রাণ চেষ্টা অব্যাহত রয়েছে। কলেজ তবন এবং আবাসনের জন্য নেত্রকোণা সদর উপজেলার কাইলাটি ইউনিয়নের মৌজে বালি গ্রামে এরই মধ্যে ৫০ একর জমি অধিগ্রহণের জন্য প্রাকলন তৈরি করা হচ্ছে। তবে এটা বাস্তবায়নে এখনো অনেক দেরি হওয়ার কারণে হাসপাতালের ভিতর কলেজসংলগ্ন যে জায়গা রয়েছে, সেখানে আপৎকালীন একটি পাকা টিনশেড ঘর নির্মাণ করে দিলে এই সমস্যার আপাতত সমাধান হবে বলে জানা গেছে। এদিকে মেডিক্যাল

সংসদ সদস্য এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী আশরাফ আলী খান খসরু এমপি প্রয়োজনীয় উদ্যোগ নিচেন বলে জানান। এই ব্যাপারে নেতৃত্বাধীন সিভিল সার্জন ডা. তাজুল ইসলাম বলেন, নেতৃত্বাধীন মেডিক্যাল কলেজের জন্য হাসপাতাল কর্তৃপক্ষ বেশ কয়েকটি বিস্তার দিয়েছে, প্রয়োজনে আরো দেওয়া হবে। কোনো সমস্যা হবে না।

নেত্রকোণা জেলা প্রশাসক মন্ডলের ইসলাম বলেন, মেডিক্যাল কলেজ নির্মাণের জন্য নেত্রকোণা সদর উপজেলার মৌজে বালি নামক স্থানে ৫০ একর জমি দেখা হয়েছে এবং জমি অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে তা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পাঠানো হয়েছে।

ମନ୍ୟ ଓ ପ୍ରାଣିସମ୍ପଦ ପ୍ରତିମନ୍ତ୍ରୀ ଓ ନେତ୍ରକୋନା ସଦରେର ଏମପି ଆଶରାଫ ଆଲୀ ଖାନ ଖସରୁ ବଲେଛେନ, ମେଡିକ୍ୟାଲ କଲେଜେର ଅବକାଠାମୋ ନିର୍ମାଣେର ଜନ୍ୟ ସରକାର ସକଳ ରକମ ବ୍ୟବସ୍ଥା ନିଯେଛେନ ଏବଂ ଅଚିରେଇ ସେଇ କାର୍ଯ୍ୟକ୍ରମ ଶୁରୁ ହେବେ।

ইন্দোফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুদ্রিত আহ্বান কর্তৃক নিউ নেশন প্রিণ্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।